প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।

স্মারক নং-৪৯.০০৩.০৯৯৯.০২.০৬৪.২০১৩-৭৫ তারিখঃ ২৯/০৯/২০১৬ খ্রিঃ

বিষয়: প্রবাসী কল্যাণ ব্যাংক এর শুদ্ধাচার কমিটির সেপ্টেম্বর, ২০১৬ মাসের সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে প্রবাসী কল্যাণ ব্যাংক এর গত ২২.০৯.২০১৬ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার কমিটির সভার কার্যবিবরণী মহোদয়ের সদয় অবগতির জন্য অত্র পত্রের সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(সঞ্জয় কুমার বণিক)
উপব্যবস্থাপনা পরিচালক
ফোনঃ৯৩৫৯৪৬৮।

সচিব
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ব্যাংকের নৈতিকতা ও শুদ্ধাচার কমিটির ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর,২০১৬) সভার কার্যবিবরণী।

সভার সভাপতিঃ জনাব মোঃ ওয়াহিদুজ্জামান খন্ডকার, ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক।

সভার স্থানঃ প্রবাসী কল্যাণ ব্যাংকের সভাকক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ২২শে সেপ্টেম্বর ২০১৬ বৃহঃস্পতিবার, বিকালঃ ০৩.৩০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'তে দেখানো হলো।

আলোচ্য বিষয়	আলোচনা	সভার সিদ্ধান্ত
০১.বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও নিশ্চিতকরণ।	আলোচনার শুরুতে শুদ্ধাচার কমিটির সভাপতি ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি প্রথমেই বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের আহবান জানান। সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে সকলকে অবহিত করেন।	কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় ও কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
০২.শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন সংক্রান্ত আলোচনা।	অত্র ব্যাংকের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রতিষ্ঠানিক ব্যবস্থা, সচেতনতা বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন, আইন-কানুন ও বিধি বিধানের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণ, সেবার মান উন্নয়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা ইত্যাদি বিষয়ে কর্মকর্তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। ইতোমধ্যে "সরকারী কর্মকর্তা-কর্মচারীদের জন্য বিভিন্ন প্রকার ছুটি সম্পর্কীত নিয়মাবলী" ও "সরকারী কর্মচারী(আচরণ)বিধিমালা, ১৯৭৯" নিয়ে প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন হয়েছে বলে সভায় অবহিত করা হয়।	প্রতি মাসে নিয়মিতভাবে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
০৩.শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্মপরিকল্পনা জুলাই ২০১৬-জুন ২০১৭ প্রণয়ন ও বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা।	অত্র ব্যাংকের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে চূড়ান্ত কর্মপরিকল্পনা জুলাই ২০১৬-জুন ২০১৭ ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে এবং তা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে ও ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে বলে সভায় জানানো হয়।	কর্মপরিকল্পনা জুলাই ২০১৬-জুন ২০১৭ অনুসারে তা যথাযথভাবে বাস্তবায়নের সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সভায় সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা হয়।
০৪.অনিস্পন্ন বিষয় সমূহ/ বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিদর্শন আপত্তি বিষয়ে আলোচনা।	অর্থ মন্ত্রণালয়ের ০৮/০৯/২০১৫ তারিখের প্রজ্ঞাপনের আলোকে অত্র ব্যাংক ইতোমধ্যে ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ৪৪ ও ৪৫ ধারার আওতাভুক্ত হয়েছে। যার পরিপ্রেক্ষিতে ইতোমধ্যেই বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়সহ ব্যাংকের অন্যান্য শাখায় পরিদর্শন শুরু করেছে বলে সভায় জানানো হয়। বাংলাদেশ ব্যাংকের অডিট রিপোর্টের জবাব শাখা থেকে সংগ্রহ করে ধারাবাহিকভাবে ব্যাংকের নিরীক্ষা ও পরিদর্শন বিভাগের মন্তব্য সমেত প্রস্তুত করে প্রেরণ করা হচ্ছে বলে সভায় জানানো হয়।	অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তি ও বাংলাদেশ ব্যাংকের অডিট আপত্তিসমূহের নিস্পত্তির যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হওয়ার অনুরোধ করা হয়।

প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।

০৫.আইন,বিধি-বিধান সংস্কার সংক্রান্ত অলোচনা।	জাতীয় শুদ্ধাচার কৌশলপত্রের সাথে সামঞ্জস্যতা রেখে বিধি-বিধান প্রণয়ন, আইন প্রণয়ন ও সংস্কার, ব্যাংকে প্রচলিত বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ, সমস্যার আলোকে আইনের মাধ্যমে তার সমাধানপূর্বক কর্মপরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন করার সিদ্ধান্ত সভায় আলোচনা হয়।	এ বিষয়ে আরো কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে সভার সভাপতি মহোদয় তাগিদ প্রদান করেন।
০৬.অভিযোগ গ্রহণ ও নিস্পত্তি সংক্রান্ত তথ্যাবলী পর্যালোচনা।	অত্র ব্যাংকের অভিযোগ গ্রহণ ও নিস্পত্তির বিষয়ে GRS এর আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্বাচন করা হয়েছে এবং প্রাপ্ত অভিযোগসমূহ নিয়ম অনুসারে নিস্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে বলে সভায় অবহিত করা হয়।	এ বিষয়ে সেবাগ্রহীতাগণ যাতে সুনির্দিষ্ট সময়ের মধ্যে গুনগত সেবা পেতে পারেন সে বিষয়ে স্বচ্ছতার সাথে কার্যকরভাবে অভিযোগ ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর সভাপতি মহোদয় গুরুত্ব প্রদান করেন।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল সঠিকভাবে পরিপালনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১০/১১/১৯

(মোঃ ওয়াহিদুজ্জামান খন্ডকার)
সভাপতি, নৈতিকতা ও শুদ্ধাচার কমিটি
ও ব্যবস্থাপনা পরিচালক
প্রবাসী কল্যাণ ব্যাংক।

প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।

পরিশিষ্ট-কঃ প্রবাসী কল্যাণ ব্যাংকের নৈতিকতা ও শুদ্ধাচার কমিটির সভার উপস্থিতির তালিকা

সভার সভাপতিঃ জনাব মোঃ ওয়াহিদুজ্জামান খন্ডকার, ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক।

সভার স্থানঃ প্রবাসী কল্যাণ ব্যাংকের সভাকক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ২২শে সেপ্টেম্বর ২০১৬, বৃহঃস্পতিবার, বিকালঃ ০৩.৩০ টা।

ক্রঃ নং	নাম	পদবী
০১	জনাব মোঃ ওয়াহিদুজ্জামান খন্ডকার	ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা ও শুদ্ধাচার কমিটি।
০২	জনাব সঞ্জয় কুমার বণিক	উপব্যবস্থাপনা পরিচালক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা ও শুদ্ধাচার কমিটি।
০৩	জনাব মোঃ মহব্বত উল্যাহ	মহাব্যবস্থাপক ও সদস্য , নৈতিকতা ও শুদ্ধাচার কমিটি ।
০৪	জনাব চৌধুরী গোলাম রহমান	এসপিও ও সদস্য, নৈতিকতা ও শুদ্ধাচার কমিটি।
০৫	জনাব মোসাঃ আসমা হক	এসইও ও সদস্য, নৈতিকতা ও শুদ্ধাচার কমিটি ।
০৬	জনাব মোঃ শরীফুল হক	ইও ও সদস্য-সচিব, নৈতিকতা ও শুদ্ধাচার কমিটি ।